

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা-১০০০।

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৩.১০৭.১৭-১২


তারিখঃ ১১ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

বিষয়ঃ এনএটিপি-২ প্রকল্পের আওতায় মৎস্যচাষ প্রযুক্তি প্রদর্শনী বাস্তবায়নের জন্য প্রস্তুতি গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) এর আওতায় প্রতিটি সিআইজিতে ০২ (দুই) টি মৎস্যচাষ প্রযুক্তি প্রদর্শনী বাস্তবায়ন এবং প্রতিটি প্রদর্শনীর জন্য প্রকল্প বাস্তবায়ন ইউনিট কতৃক অনধিক ২০,০০০.০০ টাকা বরাদ্দ প্রদান করা হবে। প্রকল্প অংশ হতে সাইনবোর্ড, পোনা/পিএল এবং খাদ্য বাবদ ব্যয় নির্বাহ করা হবে। প্রদর্শনী পুকুরে মাছচাষের জন্য মোট ব্যয় সংশ্লিষ্ট সিআইজি মৎস্যচাষি, প্রকল্প ও অন্যান্য উৎস হতে সম্মিলিতভাবে বহন করবেন। ২০,০০০.০০ টাকার অতিরিক্ত সকল ব্যয় চাষি/সিআইজি/অন্য উৎস হতে বহন করতে হবে। প্রদর্শনীর সকল ধাপে রেকর্ড বই সংরক্ষণ ও উত্তম মাছচাষ অনুশীলন করতে হবে। এখানে উল্লেখ্য, প্রদর্শনী বাস্তবায়নের জন্য প্রকল্প অংশ হতে প্রদেয় দ্রব্যাদি সরকারী বিধি অনুসরণ করে সংগ্রহ করতে হবে এবং যে সকল সিআইজি'র ব্যাংক অ্যাকাউন্ট থাকবে না তাদেরকে প্রদর্শনীসহ অন্যান্য কার্যক্রমে অন্তর্ভুক্ত করা যাবে না।

এমতাবস্থায়, সংযুক্ত নির্দেশনা ও পত্রের মর্মানুযায়ী প্রদর্শনী পুকুর বাস্তবায়নে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।



(খঃ মাহবুবুল হক)

পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

টেলিফোনঃ ০২-৪৭১২০১৮৩

AS
৩১/০১
২০১৮

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা


.....।

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৩.১০৭.১৭-১২

তারিখঃ ১১ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বিভাগ,.....।
৩. জেলা মৎস্য কর্মকর্তা,.....।
৪. সংশ্লিষ্ট নথি।



পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

AS
৩১/০১
২০১৮